# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪০৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৮৭]

১০. কিতাবুল আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ ইমাম এজন্য বানানো হয় যাতে তাঁর অনুসরণ করা হয়

باب إِنَّمَا جُعِلَ الإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ

---

আরবী

□□□ـ عَنْ عَائِشَةَ رَضِيَ الله عَنْهَا قَالَتْ: لَمَّا ثَقُلَ النَّبِيُّ قَالَ أَصَلَّى النَّاسُ؟ قُلْنَا: لا هُمْ يَنْتَظِرُونَكَ، قَالَ ضَعُوا لِي مَاءً فِي الْمِخْضَبِ قَالَتْ: فَفَعَلْنَا، فَاغْتَسَلَ، فَذَهَبَ لِيَنُوءَ، فَأُغْمِيَ عَلَيْهِ، ثُمَّ أَفَاقَ، فَقَالَ أَصَلَّى النَّاسُ؟ قُلْنَا: لا، هُمْ يَنْتَظِرُونَكَ يَا رَسُولَ اللَّهِ، قَالَ ضَعُوا لِي مَاءً فِي الْمِخْضَبِ. قَالَتْ: فَقَعَدَ فَاغْتَسَلَ، ثُمَّ ذَهَبَ لِيَنُوءَ، فَأُغْمِيَ عَلَيْهِ، ثُمَّ أَفَاقَ، فَقَالَ أَصَلَّى النَّاسُ؟ قُلْنَا: لا، هُمْ يَنْتَظِرُونَكَ يَا رَسُولَ اللَّهِ، فَقَالَ ضَعُوا لِي مَاءً فِي الْمِخْضَبِ. فَقَعَدَ، فَاغْتَسَلَ، ثُمَّ ذَهَبَ لِيَنُوءَ، فَأُغْمِيَ عَلَيْهِ، ثُمَّ أَفَاقَ، فَقَالَ أَصَلَّى النَّاسُ؟ فَقُلْنَا: لا، هُمْ يَنْتَظِرُونَكَ يَا رَسُولَ اللَّهِ، وَالنَّاسُ عُكُوفٌ فِي الْمَسْجِدِ، يَنْتَظِرُونَ النَّبِيَّ لِصَلاةِ الْعِشَاءِ الاخِرَةِ، فَأَرْسَلَ النَّبِيُّ إِلَى أَبِي بَكْرٍ بِأَنْ يُصَلِّيَ بِالنَّاسِ، فَأَتَاهُ الرَّسُولُ فَقَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ يَأْمُرُكَ أَنْ تُصَلِّيَ بِالنَّاسِ، فَقَالَ أَبُو بَكْرٍ وَكَانَ رَجُلاً رَقِيقًا: يَا عُمَرُ، صَلِّ بِالنَّاسِ، فَقَالَ لَهُ عُمَرُ: أَنْتَ أَحَقُّ بِذَلِكَ، فَصَلَّى أَبُو بَكْرٍ تِلْكَ الايَّامَ.

বাংলা

৪০৪) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অসুস্থতা যখন বেড়ে গেল তখন তিনি বললেনঃ লোকেরা কি নামায আদায় করে নিয়েছে? আমরা বললামঃ হে আল্লাহর রাসূল! তারা এখনও নামায পড়েনি, তারা আপনার জন্য অপেক্ষা করছে। তিনি বললেনঃ আমার জন্য পাত্রে পানি রাখ। আমরা পাত্রে পানি রাখলে তিনি তা থেকে পানি নিয়ে গোসল করলেন। গোসল শেষে উঠতে চাইলে তিনি বেঁহুশ হয়ে পড়ে গেলেন।

জ্ঞান ফেরত আসার পর তিনি পুনরায় বললেনঃ লোকেরা কি নামায আদায় করে ফেলেছে? আমরা বললামঃ হে আল্লাহর রাসূল! তারা এখনও নামায পড়েনি, তারা আপনার জন্য অপেক্ষা করছে। তিনি আবার বললেনঃ আমার জন্য পাত্রে পানি রাখ। আমরা পাত্রে পানি রাখলে তিনি তা থেকে পানি নিয়ে গোসল করলেন। গোসল শেষে

উঠতে চাইলে তিনি বেঁহুশ হয়ে পড়ে গেলেন।

জ্ঞান ফেরত আসার পর তিনি বললেনঃ লোকেরা কি নামায আদায় করে ফেলেছে? আমরা বললামঃ হে আল্লাহর রাসূল! তারা এখনও নামায পড়েনি, তারা আপনার জন্য অপেক্ষা করছেন। তিনি আবার বললেনঃ আমার জন্য পাত্রে পানি রাখ। আমরা পাত্রে পানি রাখলে তিনি তা থেকে পানি নিয়ে গোসল করলেন। গোসল শেষে উঠতে চাইলে তিনি বেহুঁশ হয়ে পড়ে গেলেন। জ্ঞান ফেরত আসার পর বললেনঃ লোকেরা কি নামায আদায় করে ফেলেছে? আমরা বললামঃ হে আল্লাহর রাসূল! তারা এখনও নামায পড়েনি, তারা আপনার জন্য অপেক্ষা করছে।

ইশার নামায আদায়ের জন্য লোকেরা মসজিদে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অপেক্ষায় ছিলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবু বকরকে ডেকে আনার জন্য একজন লোক পাঠালেন এবং আবু বকরকে মানুষের ইমামতি করার আদেশ দিলেন। লোকটি আবু বকরের কাছে গিয়ে বললেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আপনাকে লোকদের ইমামতি করার আদেশ দিয়েছেন। আবু বকর ছিলেন কোমল হৃদয়ের লোক। তাই তিনি বললেনঃ হে উমার! আপনি মানুষের ইমামতি করুন। উমার (রাঃ) তাঁকে বললেনঃ আপনি ইমামতি করার বেশী হকদার। সুতরাং আবু বকর (রাঃ) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অসুস্থ অবস্থার দিনগুলোতে লোকদের ইমামতি করলেন। হাদীছের বাকী অংশ পূর্বে অতিক্রম করেছে।

টিকাঃ পাঠকদের বুঝার জন্য এখানে হাদীছের সেই বাকী অংশ উল্লেখ করা হল। তা ছিল এ রকমঃ অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদিন কিছুটা সুস্থতা অনুভব করলেন। তাই তিনি দু'জন লোকের কাঁধে ভর দিয়ে যোহরের নামায পড়ার জন্য ঘর থেকে বের হলেন। যাদের কাঁধে ভর দিয়েছিলেন তাদের একজন ছিলেন আব্বাস (রাঃ)। তখন আবু বকর (রাঃ) লোকদেরকে নিয়ে নামায পড়ছিলেন। আবু বকর তাঁকে দেখে পিছনে চলে আসতে চাইলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর দিকে ইঙ্গিত করে বুঝিয়ে দিলেন যে, তুমি নিজ স্থানেই থাক। তিনি বললেনঃ আমাকে আবু বকরের পার্শ্বে বসিয়ে দাও। তাঁরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আবু বকরের পার্শ্বে বসিয়ে দিলেন। আবু বকর (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নামাযের অনুসরণ করছিলেন। আর লোকেরা আবু বকরের নামাযের অনুসরণ করে নামায আদায় করছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছিলেন বসা অবস্থায়।

হাদীছের অন্যতম রাবী উবাইদুল্লাহ বলেনঃ আমি একদা ইবনে আব্বাস (রাঃ)এর কাছে গিয়ে জিজ্ঞেস করলামঃ আয়েশা (রাঃ) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অসুস্থতা সম্পর্কে যে হাদীছ আমার কাছে বর্ণনা করেছেন তা কি আমি আপনার কাছে পেশ করব না? তিনি বললেনঃ পেশ করুন। আমি তাঁর কাছে হাদীছটি বর্ণনা করলাম। তিনি একটি কথা ব্যতীত কোন কিছুই অস্বীকার করতে পারলেন না। তিনি আমাকে জিজ্ঞেস করলেনঃ আব্বাস (রাঃ)এর সাথে যে লোকটি ছিলেন, তিনি কি তার নাম উল্লেখ করেছেন? আমি বললামঃ না, উল্লেখ করেননি। ইবনে আব্বাস (রাঃ) বললেনঃ তিনি ছিলেন আলী (রাঃ)।

## English

The Imam is appointed to be followed

Narrated 'Ubaidullah Ibn `Abdullah bin `Utba:

I went to `Aisha and asked her to describe to me the illness of Allah's Messenger (ﷺ). `Aisha said, "Yes. The Prophet became seriously ill and asked whether the people had prayed. We replied, 'No. O Allah's Apostle! They are waiting for you.' He added, 'Put water for me in a trough." `Aisha added, "We did so. He took a bath and tried to get up but fainted. When he recovered, he again asked whether the people had prayed. We said, 'No, they are waiting for you. O Allah's Messenger (ﷺ),' He again said, 'Put water in a trough for me.' He sat down and took a bath and tried to get up but fainted again.

Then he recovered and said, 'Have the people prayed?' We replied, 'No, they are waiting for you. O Allah's Apostle.' He said, 'Put water for me in the trough.' Then he sat down and washed himself and tried to get up but he fainted. When he recovered, he asked, 'Have the people prayed?' We said, 'No, they are waiting for you. O Allah's Messenger (ﷺ)! The people were in the mosque waiting for the Prophet (ﷺ) for the `Isha prayer.
The Prophet (ﷺ) sent for Abu Bakr to lead the people in the prayer. The messenger went to Abu Bakr and said, 'Allah's Messenger (ﷺ) orders you to lead the people in the prayer.' Abu Bakr was a softhearted man, so he asked `Umar to lead the prayer but `Umar replied, 'You are more rightful.' So Abu Bakr led the prayer in those days. When the Prophet (ﷺ) felt a bit better, he came out for the Zuhr prayer with the help of two persons one of whom was Al-`Abbas. while Abu Bakr was leading the people in the prayer. When Abu Bakr saw him he wanted to retreat but the Prophet (ﷺ) beckoned him not to do so and asked them to make him sit beside Abu Bakr and they did so. Abu Bakr was following the Prophet (in the prayer) and the people were following Abu Bakr. The Prophet (prayed) sitting." 'Ubaidullah added "I went to `Abdullah bin `Abbas and asked him, Shall I tell you what Aisha has told me about the fatal illness of the Prophet?' Ibn `Abbas said, 'Go ahead. I told him her narration and he did not deny anything of it but asked whether `Aisha told me the name of the second person (who helped the Prophet (ﷺ) ) along with Al-Abbas. I said. 'No.' He said, 'He was `Ali (Ibn Abi Talib).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🗆 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89702

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন